



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প  
পল্লী ভবন ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-১৭৫

তারিখঃ ০৬/০৩/২০১৮ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নায়ী দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের মাঠ সংগঠক জনাব মোঃ আব্দুল খালেক এর পূর্ববর্তী কর্মস্থল নড়াইল জেলার কালিয়া উপজেলা হতে প্রেরিত প্রতিবেদন অনুসারে তার বিরুদ্ধে আনীত অভিযোগ এর বিষয়ে তাকে কারন দর্শানো হলে তিনি লিখিতভাবে স্বীকারোক্তিমূলক জবাব দেওয়ায় প্রাথমিক হিসেবে দোষী হিসেবে গণ্য হওয়ায় তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। কিন্তু তিনি ইতোপূর্বে স্বীকারোক্তিমূলক জবাব প্রেরণ করা সত্ত্বেও ২য় কৈফিয়ত তলবের জবাবে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সত্য নয় মর্মে উল্লেখ করেছেন। যেহেতু বর্ণিত মাঠ সংগঠক দ্বিমুখী জবাব প্রেরণ করেছেন; তাই তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রকল্প সদর দপ্তরের কর্মকর্তা কর্তৃক সরেজমিনে তদন্ত করা প্রয়োজন। তাই উক্ত উপজেলায় বর্ণিত মাঠ সংগঠক এর কর্মকালীন প্রকল্পের যাবতীয় কার্যক্রম সরেজমিনে তদন্ত করার জন্য জনাব মোঃ ইয়াকুব আলী মজুমদার, সহকারী প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি কে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলোঃ

কমিটির কার্যপরিধি :

- ১। মাঠ সংগঠক জনাব মোঃ আব্দুল খালেক এর কর্মকালীন প্রকল্পের যাবতীয় কার্যক্রম সরেজমিনে যাচাই ও সুপারিশ প্রণয়ন।
- ২। প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রমসমূহ যাচাই ও সুপারিশ প্রণয়ন।
- ২। বর্ণিত কর্মকর্তাকে আগামী ১০ কার্যদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ আতিকুর রহমান  
উপ প্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা  
ফোনঃ ০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. জনাব মোঃ ইয়াকুব আলী মজুমদার, সহকারী প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. জনাব মোঃ আব্দুল খালেক, মাঠ সংগঠক, পিরোজপুর জেলা দপ্তর (সাময়িক বরখাস্তকৃত)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ নড়াইল/পিরোজপুর।
৪. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ কালিয়া জেলাঃ নড়াইল।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ কালিয়া জেলাঃ নড়াইল।
৭. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী বিআরডিবি, ঢাকা।